

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
www.dss.sylhetdiv.gov.bd

শেখ হাসিনার দিন
বদলে সমাজসেবা
এগিয়ে চলে

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৮.০০৫.১৯.৪২৯

তারিখ: ২ কার্তিক ১৪২৬

১৭ অক্টোবর ২০১৯


বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪ তারিখ ২৭ আগস্ট
২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী গত ১৫-১০-২০১৯ তারিখ সকাল ১০:৩০ মিনিটে উপজেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার দর্শন/পরিদর্শন করি। দর্শন/পরিদর্শনকালে অফিস সহায়ক, শাহীনা বেগম ব্যতিত জনাব সুমন দেবনাথ, উপজেলা সমাজসেবা অফিসার এবং অন্যান্য কর্মচারীদের অফিস কক্ষে উপস্থিত পাওয়া যায়নি।

২। এখানে উল্লেখ্য যে সূত্রোক্ত পত্রে বর্ণিত মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের অনুচ্ছেদ নং ৪ এ “সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকান্ডে গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে সকাল ৯:০০ টায় সরাসরি অফিসে আসবেন এবং আবশ্যিকভাবে ৯:৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করবেন” মর্মে নির্দেশনা রয়েছে কিন্তু উক্ত কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে যথাসময়ে অফিসে কক্ষে পাওয়া যায়নি। যাহা মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের স্পষ্ট লঙ্ঘন এবং এ কার্যালয়ের গৃহীত উদ্যোগ বাস্তবায়নে শৈথিল্যতা প্রদর্শন করা হয়েছে। যাহা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২ নং অনুচ্ছেদ এর “খ” ধারায় অসদাচরনের সামিল।

৩। এমতাবস্থায় উক্ত বিষয়ে আপনার অধীন জনাব সুমন দেবনাথ, উপজেলা সমাজসেবা অফিসার, রাজনগর এবং অন্যান্য কর্মচারীদের কারণ দর্শানো পূর্বক দাখিলকৃত জবাব আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



১৭-১০-২০১৯

সন্দীপ কুমার সিংহ
পরিচালক

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,
মৌলভীবাজার

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৮.০০৫.১৯.৪২৯/১(৬)


তারিখ: ২ কার্তিক ১৪২৬

১৭ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা

- ২) পরিচালক(প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, ঢাকা
- ৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ
- ৪) উপজেলা সমাজসেবা অফিসার, রাজনগর, মৌলভীবাজার



১৭-১০-২০১৯

সন্দীপ কুমার সিংহ
পরিচালক